# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪২৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯) বিশেষ করে এশা ও ফজর নামায জামাআতের সাথে পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ এবং এ দু'নামাযের জামাআতে অনুপস্থিত থাকার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في صلاة العشاء والصبح خاصة في جماعة والترهيب من التأخر عنهما

আরবী

(صحيح موقوف) و عَنْ أَبِي بَكْرِ بْنِ سُلَيْمَانَ بْنِ أَبِي حَثْمَةَ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَقَدَ سُلَيْمَانَ بْنَ أَبِي حَثْمَةَ فِي صَلَاةِ الصُّبْحِ، وَأَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ غَدَا إِلَى السُّوقِ، وَمَسْكَنُ سُلَيْمَانَ بَيْنَ الْمَسْجِدِ وَالسُّوقِ، فَمَرَّ عَلَى الشِّفَاءِ أُمِّ سُلَيْمَانَ فَقَالَ لَهَا لَمْ أَرَ سُلَيْمَانَ فِي الصُّبْحِ فَقَالَتْ لَهُ إِنَّهُ بَاتَ يُصَلِّي فَغَلَبَتْهُ عَيْنَاهُ قَالَ عُمَرُ: " لَأَنْ أَشْهَدَ صَلَاةَ الصُّبْحِ في جماعة أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَقُومَ لَيْلَةً " . رواه مالك

বাংলা

৪২৩. (সহীহ মাওকূফ) আবু বকর বিন সুলাইমান বিন আবি খায়ছামা থেকে বর্ণিত। একদা ওমার বিন খাত্তাব (রাঃ) সুলাইমান বিন আবি খায়ছামাকে ফজরের নামাযে মসজিদে পেলেন না। ওমার সকালের দিকে বাজারে গেলেন। সুলাইমানের বাড়ী ছিল মসজিদ ও বাজারের মাঝখানে। তিনি সুলাইমানের মাতা 'শিফা'র সাথে সাক্ষাৎ করে তাকে বললেন, আজ ফজর নামাযে সুলাইমানকে দেখলাম না কি ব্যাপার? তিনি বললেন, রাতে সে নফল নামায আদায় করেছিল, পরে নিদ্রার কারণে সে ফজর নামাযে যেতে পারেনি। তখন ওমার (রাঃ) বললেনঃ ''ফজর নামায জামাআতের সাথে আদায় করা আমার নিকট সারা রাত নফল নামায পড়ার চেয়ে অধিক পছন্দনীয়।''

(ইমাম মালেক ইহা বর্ণনা করেছেন ১/১৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88194

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন